




পত্র নং- ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০-২২- ১০৩০

তারিখঃ ০৬ আশ্বিন' ১৪২৯  
১৯ সেপ্টেম্বর' ২০২২

### “অফিস আদেশ”


কারা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.১.১ কার্যক্রম অনুযায়ী উদ্ভাবনী ধারণা/উদ্যোগ বাস্তবায়নের বিপরীতে Prison Staff Carrier Planning & Monitoring System (PSCPMS) ও বন্দি উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষ্যে E- Commerce System চালুকরণের উদ্যোগ গৃহীত হয়েছে। কারা বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় উদ্ভাবনী ধারণা/উদ্যোগ দু'টির বিবরণ নিম্নরূপঃ

ক্রম	উদ্ভাবনী ধারণা/উদ্যোগের শিরোনাম	উদ্ভাবনী ধারণা/উদ্যোগের বিবরণ
১.	Prison Staff Carrier Planning & Monitoring System (PSCPMS);	কর্মকর্তা কর্মচারীদের ব্যক্তিগত তথ্য, সার্ভিস রেকর্ড ও প্রয়োজনীয় ডকুমেন্ট ফাইলবন্দী হয়ে কোন না কোন অফিসে/ শাখায় সংরক্ষিত থাকে, যা ব্যক্তিগত/ অফিসিয়াল প্রয়োজনে চাহিবামাত্র উপস্থাপন করা সম্ভব হয় না এবং একজন কর্মকর্তা কর্মচারী জানেন না, তার সার্ভিস রেকর্ড অফিসে কিভাবে সংরক্ষিত আছে/কি কি তথ্য সন্নিবেশিত আছে। উক্ত উদ্ভাবনী ধারণা বা উদ্যোগের কলাপে ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা নিশ্চিত করে সকল কর্মচারীকে একটি প্লাটফর্মে আনা, অবসরগ্রহণকারী কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা, সকল কর্মকর্তা ও কর্মচারীর বয়সভিত্তিক পরিসংখ্যান, মামলার সংখ্যাভিত্তিক পরিসংখ্যান, দ্রুত অনুসন্ধান, সিস্টেম, প্রশিক্ষণ, বহিঃবাংলাদেশ ছুটি, মেডিকেল এবং অর্জিত/নৈমিত্তিক ছুটি, সাসপেন্ড, বদলী পেন্ডিং এবং নিরুদ্দেশ হওয়া ইত্যাদি তথ্য উক্ত উদ্যোগের মাধ্যমে জানা যাবে।
২.	বন্দি উৎপাদিত পণ্যের প্রসারের লক্ষ্যে E- Commerce System চালুকরণ।	বন্দিদের সংশোধন ও পুনর্বাসনের লক্ষ্যে তাদের শ্রমে উৎপাদিত পণ্য সামগ্রীর বিক্রয়লব্ধ অর্থ হতে লভ্যাংশের ৫০% অর্থ সংশ্লিষ্ট বন্দিকে পারিশ্রমিক হিসাবে প্রদান করা হচ্ছে। প্রস্তুতকৃত হস্তশিল্পজাত সামগ্রী প্রদর্শন ও বিক্রয়ের উদ্দেশ্যে ২০১৭ সাল থেকে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় বাংলাদেশ জেল (কারাপণ্য) অংশগ্রহণ করেছে এবং সারা বছর প্রদর্শন ও বিক্রয়ের জন্য কাশিমপুর কারা প্রাঙ্গণে ‘কেন্দ্রীয় বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র ছাড়াও সকল উৎপাদনশীল কারাগারে বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র রয়েছে। এসব দৃষ্টিনন্দিত ও আকর্ষণীয় পণ্যের ব্যাপক প্রচার এবং বিক্রয়লব্ধ অর্থ হতে লভ্যাংশের ৫০% অর্থ সংশ্লিষ্ট বন্দিকে প্রদানের মাধ্যমে সংশোধন ও পুনর্বাসনের জন্য বন্দি উৎপাদিত পণ্যসমূহকে E-commerce System এর আওতাভুক্ত করা।

  
মোঃ আবরার হোসেন  
কর্নেল  
অতিরিক্ত কারা মহাপরিদর্শক  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
addl.ig@prison.gov.bd

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃঃ আঃ- চিফ ইনোভেশন অফিসার অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)।
- ২। কারা উপমহাপরিদর্শক, (চিফ ইনোভেশন অফিসার), ঢাকা বিভাগ, সদর দপ্তর, ঢাকা।
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা-১, ২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট/প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। ডেপুটি জেলার (প্রশাসন)/ডেপুটি জেলার (উন্নয়ন), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৯। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ১০। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ-মহাপরিদর্শক, সদর দপ্তর (অঃদাঃ), মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১১। গার্ড ফাইল

  
সুরাইয়া আক্তার  
সহকারী কারা মহাপরিদর্শক (অর্থ)  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
aig.fin@prison.gov.bd